দৈনিক বাংলা

তারিখ ...28 DEC 1991

পৃষ্ঠা ... ৬ ... ৫ ...

# নিরক্ষরতা দূরীকরণে ইমামদের এগিয়ে আসতে হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণে এগিয়ে আসার জন্য ইমামদের প্রতি আহ্বান জানিয়েছেন।

শিক্ষামন্ত্রী শুক্রবার ঢাকায় ইসলামিক ফাউন্ডেশনের ইমাম প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের মধ্যে সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক জনাব মনসুরুল হক খানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব আবদুল আউয়াল এবং জাতীয় অধ্যাপক নূরুল ইসলামও বক্তৃতা করেন। খবর তথ্যবিবরণীর।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার প্রথম পর্যায়ে প্রতিটি জেলার একটি থানায় গণশিক্ষা কার্যক্রম চালু করবে এবং পর্যায়ক্রমে প্রতিটি থানায় এ কার্যক্রম সম্প্রসারিত করা হবে। তিনি বলেন যে সরকার আগামী দশ বছরের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে পহেলা জানুয়ারী দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন করবে। তিনি বলেন, প্রতিটি গ্রামে মসজিদ ও মক্তবভিত্তিক গণশিক্ষা কেন্দ্র খোলা হবে।

ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, গণশিক্ষা কার্যক্রমে ইমামদেরকে সম্পৃক্ত করা হবে। মসজিদগুলোকে গণশিক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহার করা হবে বলেও তিনি উল্লেখ করেন। তিনি বলেন, ইমামগণ সমাজের আধ্যাত্মিক নেতা এবং তাদেরকে গণশিক্ষায় মানুষকে উদ্বুদ্ধ করার দায়িত্ব নিচ্ছেহবে।

পরে মন্ত্রী প্রশিক্ষণপ্রাপ্ত ১১১ জন ইমামের মধ্যে সনদ বিতরণ করেন।